


Voice Change Rules in Bengali

👤 E - Writer ⏰ জুন ২১, ২০২১ # Active Voice ০ মন্তব্যসমূহ



Voice (বাচ্য)

Transitive Verb বা সকর্মক ক্রীয়া যুক্ত বাক্য গুলিকে কর্তা, কর্ম ও ক্রীয়া অনুসারে দুটি শ্রেণীতে ভাগ করা হয়। এই দুটি শ্রেণীকে **Voice** বা **বাচ্য** বলে।

বাংলায় যাকে বাচ্য বলে ইংরেজিতে সেটিই হল **Voice** .

Contents

1. Voice Change কাকে বলে ?
2. Voice কয় প্রকার ও কি কি ?
3. Active Voice :-
4. Passive Voice :-

Parts of S

Noun

Verb

Adjective

Conjunction

Popular

Subscribe

Get

পারবতনের নয়ম :-

6. Assertive Sentence এর ক্ষেত্রে Active এবং Passive Voice এর রূপ -

7.

8. Interrogative Sentence এর ক্ষেত্রে Active এবং Passive Voice এর রূপ -

9. Imperative Sentence এর ক্ষেত্রে Active এবং Passive Voice এর রূপ -

Categories

> Articles

> Basic

> Clause

> Degree

> Gender

> Modals

> Narration

> Participle

> Parts Of S

> Prefix And

> Sentence

> Tense

> Voice Cha

> Writing

Voice Change কাকে বলে ?

Sentence বা বাক্যের অর্থ অপরিবর্তিত রেখে শুধুমাত্র Sentence টির বলার ধরন পরিবর্তন করার জন্য তার যে গঠনগত পরিবর্তন করা হয় তাকে Voice Change বলে ।

Voice কয় প্রকার ও কি কি ?

Voice দুই প্রকার । যথা -

১. Active Voice (কর্তৃবাচ্য)

২. Passive Voice (কর্মবাচ্য)

Active Voice :-

বাক্যে Subject বা কর্তা নিজে কাজ করলে Verb টি active হয় । একে Active Voice বলে ।

যেমন - The cat killed the mouse - বিড়ালটি ইঁদুরটিকে মেরেছিল ।

Passive Voice :-

বাক্যে কোনো ক্রিয়া Subject বা কর্তার দ্বারা কৃত হয় বোঝালে, তাকে Passive Voice বলে ।

যেমন - The mouse was killed by the rat - ইঁদুরটি বিড়ালটির ক দ্বারা হত ।



Subject	Object
I	Me
We	Us
You	You
He	Him
She	Her
It	It
They	Them

Subject to Object Form

Active Voice থেকে Passive Voice করার নিয়ম / বাচ্য পরিবর্তনের নিয়ম :-

বাচ্য পরিবর্তনের বেশ কিছু সুনির্দিষ্ট নিয়ম রয়েছে। সেগুলি হল -

1. Active Voice এর Object টি Passive Voice এ Subject হবে।
2. Passive Voice এ মূল Verb এর Past participle রূপ বসবে।
3. Active Voice এর Tense অনুযায়ী Passive Voice এর মূল Verb এর আগে 'be' Verb বসবে। Continuous Tense এর ক্ষেত্রে 'be' Verb এর সঙ্গে 'ing' যোগ হয়।
4. Active Voice এর Subject টি Passive Voice এ Object হয় এবং তার পূর্বে 'by' Preposition বসে (তবে কিছু কিছু ক্ষেত্রে to, with, at বসে)।

প্রসঙ্গত উল্লেখ্য যে, 2nd Person এর Subject এবং Object এর কোনো রূপ পরিবর্তন হয় না।

উদাহরণ :-



উপরের দুটি বাক্য ভালো করে লক্ষ্য করলে দেখবে একটি বাক্যের দুটি রূপ বা দুইভাবে বলা হয়েছে ।
অর্থাৎ Active থেকে Passive করা হয়েছে ।

Active Voice এ বাক্যটি ছিল - I eat rice .
এখানে I - Subject, eat - Verb এবং rice Object .

প্রথম নিয়ম অনুযায়ী, বাক্যটিকে Active থেকে Passive করার জন্য Active Voice এর Object (rise) কে Passive Voice এ Subject (rise) করা হয়েছে ।

দ্বিতীয় নিয়ম অনুযায়ী, Passive Voice এ মূল Verb (eat) এর Past participle রূপ হয়েছে ।

তৃতীয় নিয়ম অনুযায়ী, যেহেতু Active Voice টি Present Tense এ আছে তাই মূল Verb (eat) এর আগে 'be' Verb এর Present form (is) বসেছে ।

চতুর্থ নিয়ম অনুযায়ী, Active Voice এর Subject (I) টি Passive Voice এ Object (me) হয়েছে
এবং তার আগে 'by' Preposition বসেছে ।

প্রথক প্রথক Sentence এর ক্ষেত্রে Voice Change এর নিয়মের সামান্য পরিবর্তন লক্ষ্য করা যায় ।
যেমন -

**Assertive Sentence এর ক্ষেত্রে Active এবং Passive Voice এর
রূপ -**

Present Tense এর রূপ :-

Active : He plays football .

(সে ফুটবল খেলে)

Passive : Football is played by him .

(ফুটবল তার দ্বারা খেলা হয়)

Past Tense এর রূপ :-

Active : He played football .

(সে ফুটবল খেলেছিল)

Passive : Football was played by him .

(ফুটবল তার দ্বারা খেলা হয়েছিল)

Future Tense এর রূপ :-

Active : He will play football .

(কে ফুটবল খেলবে)

Interrogative Sentence এর ক্ষেত্রে Active এবং Passive Voice এর রূপ -

Interrogative Sentence এ দুই রকমের প্রশ্ন দেখা যায় - Yes/No Question এবং Wh Question .

Yes/No Question এর ক্ষেত্রে :-

Active Voice এ 'Do' দিয়ে প্রশ্ন করা হলে Passive করার সময় 'Do' এর জায়গায় 'Be' Verb দিয়ে শুরু হবে ।

Active : Do you know Sita ?

(তুমি কি সীতাকে জানো ?)

Passive : Is Sita known by you ?

(তোমার দ্বারা কি সীতাকে জানা হয় ?)

Active Voice এ 'Do' ছাড়া Be, Have, Can ইত্যাদি Verb দিয়ে প্রশ্ন করা হলে Passive Voice এ ওই Verb গুলোই বসবে ।

Active : Can Raju do this ?

(রাজু কি এটা করতে পারে ?)

Passive : Can this be done by Raju ?

(রাজুর দ্বারা কি এটা হতে পারে ?)

Subject	Object
Who	Whom
What	What
Which	Which
When	When
Where	Where
How	How

Subject to Object Form



Active Voice -এ Wh Word যেমন What Which, Where, When, How ইত্যাদি দিয়ে প্রশ্ন করা হলে Passive Voice করার সময় শুরুতে এই Word গুলিই বসে ।

Active : When will you do it ?

(তুমি কখন এটা করবে ?)

Passive : When will it be done by you ?

(তোমার দ্বারা কখন এটি করা হবে ?)

Active Voice -এ Who দিয়ে প্রশ্ন করা হলে Passive Voice এর শুরুতে Who এর জায়গায় 'By whom' হয় ।

Active : Who did this ?

(কে এটা করেছিল ?)

Passive : By whom was this done ?

(কার দ্বারা এটা করা হয়েছিল ?)

Imperative Sentence এর ক্ষেত্রে Active এবং Passive Voice এর রূপ -

Order বা আদেশ সূচক বাক্যের ক্ষেত্রে Passive Voice -এ 'Let' দিয়ে বাক্য শুরু করতে হয় ।

Active : Open the door .

(দরজাটি খোলো)

Passive : Let the door be opened .

(দরজাটি খোলা হোক)

Advice বা উপদেশ বোধক বাক্যের ক্ষেত্রে Passive Voice -এ Subject এর পরে 'Should' বসাতে হয় ।

Active : Obey your teachers .

(তোমার শিক্ষক মহাশয়দের মান্য করো)

Passive : Your teachers should be obeyed .

(তোমার শিক্ষক মহাশয় দের মান্য করা উচিত)

Request বা অনুরোধ বাচক বাক্যের ক্ষেত্রে Passive Voice-এ 'You are requested to' দিয়ে শুরু করতে হয় ।



Passive : You are requested to give me a pen .
(আমাকে কলমটি দেওয়ার জন্য তোমায় অনুরোধ করা হচ্ছে)

Other important topics :-

Degree

Clause

Prefix and Suffix

Tags Active Voice Passive Voice Voice Change



এর দ্বারা পোস্ট করা: E - Writer

This site is specially designed for bengali medium students and teachers so that they can learn English Grammar as well as Writing Skill in bengali from the basic level.

এই পোস্টগুলি আপনার ভাল লাগতে পারে

Voice Change Rules in Bengali

⌚ June 21, 2021

0 Comments

